চুয়াডাঙ্গায় উলামা কল্যাণ পরিষদের উদ্যোগে এক হাজার আল কুরআন বিতরণ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহাগ্রন্থ-আল কুরআন পোড়ানোর প্রতিবাদে ১০০০ (এক হাজার) কুরআন বিতরণ কর্মসূচি পালন করছে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ, চুয়াডাঙ্গা। এক হাজার কুরআন বিতরণ অবদি এই কর্মসূচি ধারাবাহিকভাবে চলবে বলে জানিয়েছেন সংগঠনটির দায়িত্বশীলরা।

গতকাল শনিবার (৫ আগস্ট) বাদ আসর জেলার শহীদ হাসান চত্বরে এই কুরআন বিতরণ কর্মসূচি পালন করে সংগঠনটি। এসময় শতশত ধর্মপ্রাণ মুসল্লিদের হাতে পবিত্র কুরআন তুলে দেয় সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের নেতৃবৃন্দগণ।

কুরআন বিতরণ পূর্ব জমায়েতে নেতৃবৃন্দ বলেন, সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় পবিত্র কুরআন পোড়ানোর প্রতিবাদে এর আগেও আমরা বিক্ষোভ কর্মসূচি পালন করেছি। বিক্ষোভ কর্মসূচিতে ঘোষিত ১ হাজার কুরআন বিতরণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গতকাল শনিবার আমরা চুয়াডাঙ্গার শহীদ হাসান চত্বরে জমায়েত হয়েছি। আজ রবিবার থেকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও মসজিদেও এই কার্যক্রম চলবে ইনশাআল্লাহ।

নেতৃবৃন্দ বলেন, আমরা সুইডেনকে জানিয়ে দিতে চাই, একটা মাত্র কাগজের কুরআন পুড়িয়ে পৃথিবীর বুকে কুরআনের প্রচারণাকে থামিয়ে দেয়া যাবেনা।কারণ মুসলমানরা কুরআন শরীফ কাগজের পাতায় ধারণ করেনা বরং তারা এই পবিত্র কুরআন তাদের হৃদয়ে ধারণ করে। এজন্য কুরআনের পাতা পুড়িয়ে কুরআন থেকে মুসলমানদের বিচ্ছিন্ন করার সুযোগ নেই।

নেতৃবৃন্দ আরও বলেন, ১ হাজার কুরআন বিতরণ কর্মসূচি ধারাবাহিকভাবে মাদরাসা মসজিদসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চলবে, আজ চুয়াডাঙ্গার শহীদ হাসান চত্বর থেকে তার কার্যক্রম শুরু হলো।

বক্তারা বলেন, মহাগ্রন্থ আল কুরআনসহ আল্লাহ ও তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে যে বা যারাই কটুক্তিকর বক্তব্য দেয়ার দু:সাহস দেখানোর চেষ্টা করবে, আমরা সম্মিলিত

উলামা কল্যাণ পরিষদ এর প্রতিবাদে দাত ভাঙ্গা জবাব দিতে মাঠে নামবই, ইনশাআল্লাহ।

বক্তারা আরও বলেন, সুইডেনে কুরআন পোড়ানো হয়নি, বরং বিশ্বের মুসলমানদের হৃদয় পোড়ানো হয়েছে। এই ঘটনায় গোটা বিশ্বের মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। আমরা এটা কোনভাবেই মেনে নিতে পারছি না।

আয়োজিত ১০০০ (এক হাজার) কুরআন বিতরণ কর্মসূচিতে বক্তব্য রাখেন, সাংগঠনটির সভাপতি মাওলানা হাসানুজ্জামান, সেক্রেটারী মাওলানা আখতারুজ্জামান, সহ-সভাপতি মুফতী আব্দুর রশিদ রজব, সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন, মিডিয়া বিষয়ক সম্পাদক মাওলানা সাইফুল ইসলাম, সহ সাংগঠনিক সম্পাদক মাওলানা মাহফুজুর রহমান মাফী প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের কোষাধ্যক্ষ হাফেজ তাজুল ইসলাম, সহ-সেক্রেটারী মাওলানা আমির খসরু, মাওলানা আব্দুল্লাহ, সপ্তর সম্পাদক মাওলানা জুনাইদ আল হাবিব, সহ-দপ্তর সম্পাদক মাওলানা ফয়জুল্লাহ আল মুনির ও মাওলানা জামাল উদ্দিন প্রমুখ।